# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২১০৭

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৯. তৃতীয় অনুচ্ছেদ - ইতিকাফ

### আরবী

عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ إِذَا اعْتَكَفَ طُرِحَ لَهُ فِرَاشُهُ أَوْ يُوضَعُ لَهُ سَرِيرُهُ وَرَاءَ أسطوانه التَّوْبَة. رَوَاهُ ابْن مَاجَه

### বাংলা

২১০৭-[১১] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইতিকাফ করার সময় তাঁর জন্য মসজিদে বিছানা পাতা হত। সেখানে তাঁর জন্য ’তাওবার’ খুঁটির পেছনে খাট লাগানো হত। (ইবনু মাজাহ)[1]

### ফুটনোট

[1] হাসান : ইবনু মাজাহ ১৭৭৪, সহীহ ইবনু খুযায়মাহ্ ২২৩৬, তারাজু‘আতুল আলবানী ৩২।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীসটি এ মর্মে দলীল যে, ইতিকাফকারীর জন্য মসজিদে খাট রাখা কিংবা বিছানা বিছানো জায়িয। ইতিকাফের ক্ষেত্রে মসজিদের নির্দিষ্ট স্থানে অবস্থানও জায়িয।

নাফি' থেকে বর্ণিত, তিনি বলেন, ইবনু ‘উমার (রাঃ) আমাকে উক্ত স্থান দেখিয়েছেন, মসজিদের যে স্থানে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইতিকাফ করতেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56667

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন